“মহান আল্লাহ বলেছেন : আমি আমার পুণ্যবান বান্দাদের জন্য এমন জিনিস তৈরি করে রেখেছি, যা কোন চক্ষু দেখেনি , কোন কান শুনেনি এবং যার সম্পর্কে কোন মানুষের মনে ধারণাও জন্মেনি। ”

আবু হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত , তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “মহান আল্লাহ বলেছেন : আমি আমার পুণ্যবান বান্দাদের জন্য এমন জিনিস তৈরি করে রেখেছি, যা কোন চক্ষু দেখেনি , কোন কান শুনেনি এবং যার সম্পর্কে কোন মানুষের মনে ধারণাও জন্মেনি। ” আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলেন: তোমরা চাইলে এ আয়াতটি পাঠ করতে পারো: “কেউ জানেনা তাদের জন্য তাদের চোখ জুড়ানো কি জিনিস লুকায়িত রাখা হয়েছে। [সূরা আস-সাজদাহ: ১৭]

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে , আল্লাহ তাআলা বলেছেন : আমি আমার সৎকর্মশীল বান্দাদের জন্য জান্নাতে এমন সম্মান ও মর্যাদা প্রস্তুত করে রেখেছি , যা কোনো চোখ দেখেনি , কোনো কান শোনেনি এবং কোনো মানুষের হৃদয়েও তার প্রকৃতি সম্পর্কে ধারণা জন্মেনি। আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বলেছেন : যদি তোমরা চাও , তাহলে (এর প্রমাণস্বরুপ) তিলাওয়াত করো: {فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ} অর্থাৎ "কোনো প্রাণই জানে না তাদের জন্য চোখের শান্তি হিসেবে কী লুকিয়ে রাখা হয়েছে। " (সূরা আস-সাজদা, আয়াত: ১৭)

http://sunnah.global/hadeeth/bn/show/10404